বরিশাল সিটি কর্পোরেশন
নগর ভবন, বরিশাল।
(প্রশাসনিক শাখা)
www.barishalcity.gov.bd

স্মারক নং- বিসিসি/প্রঃব্যঃনথি - ১৩/১৫

তারিখ ঃ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

জনাব মোঃ আমিনুল ইসলাম (ডায়মন্ড), উপ-সহকারী প্রকৌশলী, পানি সরবরাহ বিভাগ, বরিশাল সিটি কর্পোরেশন, বরিশাল গত ০৪ জানুয়ারী ২০২১ তারিখের বিসিসি/প্রঃব্যঃনথি-১৩/১৫-০২(৮) নং স্মারকাদেশে চিকিৎসার উদ্দেশ্যে ৩০ ডিসেম্বর ২০২০ তারিখ থেকে ২৬ ফেব্রুয়ারী ২০২১ তারিখ পর্যন্ত ০২ (দুই) মাস অর্জিত ছুটি ভোগ শেষে ০৪ মার্চ ২০২১ তারিখ থেকে ০১ (এক) মাসের মেডিকেল ছুটির জন্য আবেদন করলে কর্তৃপক্ষ কর্তৃক তা অনুমোদন হয় নি। পরবর্তীতে ২৭ ফেব্রুয়ারী ২০২১ তারিখ থেকে কর্তৃপক্ষের বিনানুমতিতে আপনি কর্মস্থলে অনুপস্থিতি থাকায় ১৪ জানুয়ারী ২০২৫ তারিখ বিসিসি/প্রঃব্যঃনথি-১৩/১৫-২৮নং স্মারকে আপনাকে প্রথম কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হলে আপনি ২৬ জানুয়ারী ২০২৫ তারিখ কারণ দর্শানোর জবাব দাখিল করেন যা সন্তোষজনক নয়। প্রথম কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়াসহ আপনার কর্মস্থলে অনুপস্থিতির কারণে ১২ ফেব্রুয়ারী ২০২৫ তারিখ বিসিসি/প্রঃব্যঃনথি-১৩/১৫-১১০ নং স্মারকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হলে আপনি স্ব-শরীরে উপস্থিত না হয়ে বার্তা বাহকদ্বারা ২৫ ফেব্রুয়ারী ২০২৫ তারিখ পুনরায় কারণ দর্শানোর জবাব দাখিল করেন যা সন্তোষজনক নয়।

০২। ১ম ও ২য় কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়াসহ কর্মস্থলে আপনার দীর্ঘকাল অনুপস্থিতির কারণে আপনাকে ১৯ আগস্ট ২০২৫ তারিখ বিসিসি/প্রঃব্যঃনথি-১৩/১৫-৫০২ নং স্মারকে চূড়ান্ত কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হলে আপনি স্ব-শরীরে উপস্থিত না হয়ে বার্তাবাহক মাধ্যম চূড়ান্ত কারণ দর্শানোর জবাব দাখিল করেন এবং জবাবে চাকুরী থেকে স্থায়ীভাবে অব্যাহতির জন্য প্রার্থনা করেন।

০৩। বরিশাল সিটি কর্পোরেশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী বিধিমালা ২০১০ এর ৫৫ (৩) বিধি ও সংস্থাপন মন্ত্রণালয় বিধি শাখা-৪, নং সম(বিধি-৪) বিবিধ-৫১/৮৮-১০৪(৩০০) তারিখ ২৭ ভাদ্র ১৩৯৫/ ১, ১সেপ্টেম্বর ১৯৮৮, ৪নং বিধি অনুযায়ী চাকুরীকাল ২৫ বছর পূর্ণ না হওয়ার পূর্বে স্বেচ্ছায় অবসরের সুযোগ নেই মর্মে আপনাকে চাকুরীকালীন কোন সুযোগ সুবিধা প্রদান করা হবে না এবং গণ কর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ এর ১২ (৯) নং ধারা অনুযায়ী আবেদনপত্র গ্রহণসহ চাকুরী থেকে অব্যহতি প্রদান করা হলো।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ ৩১ আগস্ট ২০২৫ তারিখ থেকে কার্যকর হবে।

স্বাঃ/-


(মোঃ রেজাউল বারী)
প্রধান নির্বাহী কর্মকর্তা
বরিশাল সিটি কর্পোরেশন
ফোনঃ ০২৪৭৮৮৬১০৪৮
ceo.bcc.gov.bd@gmail.com


স্মারক নং- বিসিসি/প্রঃব্যঃনথি - ১৩/১৫ - ৭৩৪(১০)

তারিখ ঃ ১৯ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
০৪ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৩। সচিব, বরিশাল সিটি কর্পোরেশন, বরিশাল।
৪। বাজেট কাম হিসাব রক্ষণ কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন।
৫। নির্বাহী প্রকৌশলী, পানি সরবরাহ বিভাগ, বরিশাল সিটি কর্পোরেশন।
৬। প্রশাসনিক কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন।
৭। জনসংযোগ কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন (বিষয়টি বিসিসি'র ওয়েবসাইটে প্রচারের জন্য)।
৮। জনাব মোঃ আমিনুল ইসলাম (ডায়মন্ড), উপ-সহকারী প্রকৌশলী, পানি সরবরাহ বিভাগ, বরিশাল সিটি কর্পোরেশন।
৯। ব্যক্তিগত সহকারী, প্রশাসক, বরিশাল সিটি কর্পোরেশন (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। অফিস কপি।

০৪/১১/২৫


(মোঃ রেজাউল বারী)
প্রধান নির্বাহী কর্মকর্তা
বরিশাল সিটি কর্পোরেশন
ফোনঃ ০২৪৭৮৮৬১০৪৮
ceo.bcc.gov.bd@gmail.com